তারিখ 13 JAN 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক সংবাদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ডিগ্রী (পাস) পরীক্ষার প্রথম দিনে ২৬৬ জন পরীক্ষার্থী বহিষ্কার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) পরীক্ষার প্রথম দিনে গতকাল বিভিন্ন কেন্দ্র থেকে ২৬৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

নিজস্ব বার্তা পরিবেশক জানান : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাশ)

( ৭-এর পাতায় দেখুন )

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

( ১ম পাতার পর )

পরীক্ষার প্রথম দিনে চারটি কেন্দ্র থেকে নকলের দায়ে ৭০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। হাটহাজারী কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় পরিদর্শক দলের ওপর হামলার চেষ্টা চালায় এবং আশোভন আচরণ করে। পরে কলেজ ছাত্র নেতাদের হস্তক্ষেপের ফলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

### হাতেলেখা প্রশ্নপত্র

হাটহাজারী কলেজ কেন্দ্রের কাছে গতকাল সকাল ৭টা থেকে হাতে লেখা প্রশ্নপত্র ২/৩ শ টাকা পর্যন্ত বিক্রি হয়। এ সব প্রশ্নপত্রের সঙ্গে মূল প্রশ্নের ৩/৪টি মিল পাওয়া গেছে। প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে গুজবও ছড়িয়ে পড়ে।

### কুমিল্লা

নিজস্ব সংবাদদাতা জানান : কুমিল্লার আটটি কেন্দ্র থেকে ৫৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। সবচেয়ে বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে চৌদ্দগ্রাম সরকারী কলেজ থেকে। এ কলেজ থেকে ২৫জনকে বহিষ্কার করা হয়।

### নোয়াখালী

নিজস্ব সংবাদদাতা জানান : ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে জেলার তিনটি কেন্দ্রে ১২৭জনকে বহিষ্কার করা হয়েছে। সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ৯শ' ৫।

### ব্রাহ্মণবাড়িয়া

নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ কেন্দ্রে বি,এ ও বি,কম পরীক্ষায় নকল করার অপরাধে ১৩জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গতকাল এই কেন্দ্রে ১ হাজার পরীক্ষার্থী অংশ নেয়।

০৭